# মেয়রের কার্যালয়

চুয়াডাঙ্গা পৌরসভা, জেলা-চুয়াডাঙ্গা।

তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

**(২৯-০৩-২০১৭ ইং)**

| | | | |
|---|---|---|---|
| **সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন** | সভার তারিখ ঃ ২৯-০৩-২০১৭ ইং | সভার সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা | **সভার সভাপতি ঃ জনাব মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা** |

সভায় সম্মানীত সদস্যদের উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিক ভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জনাব কাজী শরিফুল ইসলাম, সদস্য-সচিব, TLCC ও সচিব, চুয়াডাঙ্গা পৌরসভা। | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ কার্যবিবরণীতে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে। | কোন সংশোধনীর প্রয়োজন নাই। | সভায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়। |

**আলোচ্যসূচী - ২ ঃ বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা**

**ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১ | ক)TLCC গঠন ও কার্যকর রাখা<br>(সূত্র ঃ পৌরসভা আইন-২০০৯ এর ১১৫ ধারা) | আগামী ৩০ মার্চ/২০১৭ -এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে ।<br>• TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । | অদ্যকার সভার সভাপতি জনাব মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী, মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা সভার শুরুতেই সবাইকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্য রাখেন। এবং কমিটির সকল সদস্যকে যথা সময়ে হাজির হওয়ার জন্য অসুরোধ করেন। পৌরসভায় যেহেতু UGIIP-III প্রকল্পের অর্ন্তরভুক্ত সেজন্য প্রকল্পের নির্দেশনা মেনে অত্র পৌরসভার সার্বিক উন্নয়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>আলোচনার শুরুতেই সচিব সাহেব জানান পৌরসভার আইন, ২০০৯ এর ১৫ ধারা অনুযায়ী চুয়াডাঙ্গা পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করার ০৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে নোটিশ ও কার্যপত্র বিতরণ করা সহ সভা চলমান আছে। TLCC সদস্য এবং সাবেক অধ্যক্ষ জনাব এস এম ইস্রাফিল বলেন TLCC সভার কার্যবিবরণী লেখায় অনেক বানান ভুল আছে যা সংশোধন করা প্রয়োজন ।তিনি আরো প্রস্তাব রাখেন হাজিরা সীটে সদস্যদের নামের তালিকা দেওয়ার জন্য এবং অবকাঠামো বিষয়ে কোট রোড থেকে ষ্টেশন পর্যন্ত ড্রেনের উপর স্লাব দেওয়ার জন্য পরার্মশ দেন। | আগামী ৩০ জুন ২০১৭ ইং তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে ।<br>• TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে অনুরোধ জানানো হয়।<br>TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন।<br>TLCC সদস্য এবং সাবেক অধ্যক্ষ জনাব এস এম ইস্রাফিল এর প্রস্তাব গুলো আগামি সভার আগেই বিবেচনা করে দেখা হবে বলে মেয়র মহোদয় সভায় জানান দেন।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। | মেয়র/সচিব |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | | TLCC সভার কার্যবিবরণী আগামী ইং ০৫-০৪-২০১৭ ইং তারিখে PMO তে প্রেরন করা হবে। | সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । | |
| ২ | খ) WC গঠন ও কার্যকর রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা) | আগামী ৩০ মার্চ/১৭ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে<br>পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে ।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।<br>বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে।<br>সভার সভাপতি মহোদয় ও জনাব মো ঃ আখতারুজ্জামান, আঞ্চলিক সমন্বয়কারী(আইটি),মাগুরা অঞ্চল মাগুরা। সভায় আলোচনাকালে বলেন WC সভা সঠিক সময়ে করতে হবে এং সভার সিদ্ধান্ত সমুহ TLCC সভায় উপস্থাপন করতে হবে।<br>জানুয়ারী-মার্চ,২০১৭ ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো চিহ্নিত করা হয়েছে এবং পৌর পরিষদের সভায় আলোচনা সাপেক্ষে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের উদ্যোগ গ্রহন করা হবে। | আগামী ৩০ জুন ২০১৭ ইং তারিখের মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে ৪র্থ কোয়ার্টারের WC সভা অনুষ্ঠান শেষ করা হবে ।<br>পরবর্তী সভায় সিদ্ধান্তবাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে ।<br>সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।<br>বিভিন্ন ওয়ার্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী |
| ৩ | গ) নাগরিক সনদ (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | TLCC সদস্য জনাব মোঃ সিদ্দিকুররহমান (সাবেক অধ্যাপক, চুয়াডাঙ্গা সরকারী কলেজ) আলোচনায় অংশ নিয়ে ইং ২৬-০৫-২০১৬ তারিখ হতে শহরের গুরুত্বপূর্ণ স্থান বিশেষ করে রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলষ্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরসভাকে ধন্যবাদ দেন। এবং আরো অন্তত: ০৫ টি স্থানে নাগরিক সনদ স্থাপনের সুপারিশ করেন। | TLCC সদস্য প্যানেল মেয়র জনাব মোঃ একরামুল হক মুক্তা বলেন ২৬-০৫-২০১৬ তারিখ হতে শহরের গুরুত্বপূর্ণ স্থান বিশেষ করে রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলষ্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করায় পৌরপরিষদকে ধন্যবাদ দেন এবং আরো ০২ টি স্থানে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করার জন্য পৌরসভাকে পরামর্শ দেন। | প্যানেল মেয়র জনাব মোঃ একরামুল হক মুক্তা বলেন রড়বাজার শহীদ হাসান চত্তর মোড়, একাডেমী মোড় এবং রেলষ্টেশন মোড়ে নাগরিক সনদ(CC) প্রদর্শন বা স্থাপন করা হয়েছে আগামীতে এটার কোন সংশোধন আসলে আপটেড করে স্থাপন করা হবে।<br>পৌরসভা অফিস এবং অন্যান্য স্থনে প্রর্দশনের স্থির চিত্র PMO তে প্রেরন করার জন্য পরার্মশ দেন। | মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ সচিব, গণমাধ্যম সেলের সভাপতি |
| ৪ | ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার (সেল গঠন ও কার্যকর রাখা) | • সুনিদিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগ সমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে। | অভিযোগ বাক্স স্থাপন করা আছে এবং ত্রৈমাসিক(জানুয়ারী-মার্চ ২০১৭) পর্যন্ত পুরুয-মহিলা সহ ০৬ টি অভিযোগ জমা পড়ে প্রাপ্ত অভিযোগ গুলি রেজিস্টারে সংরক্ষণ করা হয়েছে। সকল অভিযোগ GRC কমিটি কর্তৃক বিবেচনায় নিয়ে উভয় পক্ষের উপস্থিতিতে উক্ত ০৬ টি অভিযোগ নিস্পত্তি করা হয়েছে।<br>সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌরপরিষদের মাসিক সভায় আলোচনা করা হবে।<br>(উপস্থাপনা- জনাব মো ঃ একরামুল হক মুক্তা , আহবায়ক, GRC) | • সুনিদিষ্ট অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>• প্রতি সপ্তাহের বৃহস্পতিবার GRC-র সভাপতি ও একজন TLCC-র সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্স খোলার সিদ্ধান্ত হয়।<br>সমাধানকৃত অভিযোগসমূহের সিধান্ত অভিযোগকারীকে ও পৌরপরিষদের মাসিক সভায় এবং ওয়েব সাইটে প্রকাশের সিধান্ত গৃহিত হয় । | জিআরসি কমিটি/সভাপতি গণমাধ্যম সেল |

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৫. | ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | নির্বাহী প্রকৌশলী জানান পৌরসভার উন্নয়ন পরিকল্পনায় বা PDP-তে নতুন ভাবে ৬৮ টি প্রকল্প অর্ন্তভুক্ত করে TLCC সভায় অনুমোদন নিয়ে প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছিল। আপনারা জেনে খুশি হবেন আমাদের দাখিলকৃত প্রকল্পের অনুকুলে ২৫ কোটি টাকা অনুমোদন দিয়েছে। ইতোমধ্যে উক্ত টাকার দরপত্র আহ্বান করা হয়েছে। | UGIIP-III প্রকল্পের বিষয়ে আলোচনাকালে নির্বাহী প্রকৌশলী সাহেব জানান UGIIP-III প্রকল্প হতে প্রাপ্ত ১২,৮৪,০০,০০০/-টাকার কাজ ইতোমধ্যে বিভিন্ন ওয়ার্ডে শুরু হয়েছে। তিনি আরও জানান কাজের অগ্রগতির হার ৯৫% এর বেশী কাজের মান সন্তোষজনক। প্রকল্পের টিম লিডার ইতিমধ্যে কাজ পরিদর্শন করে সন্তোস জনক রিপোর্ট দাখিল করেছেন। ২৫কোটি টাকার দরপত্র ঠিকাদার নির্বাচন পুর্বক অনুমোদনের জন্য প্রেরন করা হয়েছে। অনুমোদন পাওয়ার পর কাজ শুরু হবে। চলতি অর্থ বছরে এডিপির আওতায় ২৪টি প্রকল্প গ্রহন করা হয়েছে এবং দরপত্র আহবানের প্রক্রিয়াধীন আছে। | নতুন ভাবে গৃহীত ৬৮ টি প্রকল্পের কাজ বর্ষার পুর্বেই শুরু করা এবং কাজের গুন গত মান বজায় রাখার সিদ্ধান্ত হয়। এডিপির কাজ বাস্তবায়নে সকল কার্য্যক্রম দ্রুতশেষ করার সিদ্ধান্ত হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশলী |
| ৬. | খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন | গঠিত ইউনিটের আওতায় নির্বাহী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখবেন। গঠিত ইউনিটের আওতায় নির্বাহী প্রকৌশলী ও উন্নয়ন কাজে সম্পৃক্ত ও সংশ্লিষ্ট কমিটি এ সংক্রান্ত কার্যক্রম নিয়মিত তত্ত্বাবধান ও তদারকী করণ অব্যাহত রাখবেন। | ত্রৈ-মাসিক ভিত্তিতে ২০-০৩-২০১৭ তারিখ জানুঃ- মার্চ/১৭ মাসে নগর পরিকল্পনা ইউনিটের সভা অনুষ্ঠিত হয় এবং সভাতে উন্নয়ন সংক্রান্ত সার্বিক বিষয় নিয়ে আলোচনা হয়। উন্নয়ন কাজের মান নিয়ন্ত্রনে সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উন্নয়ন কাজ বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে এ সকল উন্নয়ন কাজ তদারকি অব্যাহত রাখা সহ কাজের মান নিয়ন্ত্রনে আরও তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/নির্বাহী প্রকৌশল |
| ৭. | গ) বাজেট বরাদ্ধ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন | আলোচোনায় অংশ নিয়ে TLCC –র সদস্য জনাব আলী আহম্মেদ তার মুক্তি পাড়ার রাস্তা সমুহ অত্যন্ত নাজুক হওয়ায় জরুরী ভিত্তিতে মেরামতের দাবী জানান।<br>এ ছাড়াও TLCC –র আরেক সদস্য প্রাক্তন অধ্যক্ষ জনাব সিদ্দিকুর রহমান বলেন পৌরসভার সকল কাজই যেন টেকসই হয় সে দিকে আরও নজর দিতে হবে। এ ছাড়াও তিনি পৌরসভার সকল ড্রেন নিয়মিত পরিষ্কার করার উপর গুরুত্ব আরোপ করেন।<br>পৌরসভার নির্বাহী প্রকোশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পৌরসভার রাজস্ব তহবিলে প্রয়োজনীয় অর্থের সংকুলান না হওয়ার কারনে | ২০১৬-২০১৭ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M খাতে ৬০,৮৫,০০০ টাকা বরাদ্ধ রাখা হয়েছে। পৌরসভার রাজস্ব বাজেট হতে বরাদ্ধ অনুযায়ী ৩য় ত্রৈমাসিক (জানুয়ারী-মার্চ/২০১৬-২০১৭) ভিত্তিতে বরাদ্দকৃত বাজেট হতে O&M কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন খাতে মোট ৪,৩৫,৬১৯/- টাকা ব্যয় হয়েছে।<br>ক) পৌর এলাকার বিভিন্ন রাস্তা ও ফুটপাত মেরামত বাবদ ২,০৫,৬১০/- টাকা ব্যয় করা হয়েছে।<br>খ)ড্রেন মেরামত খাতে-৬৯,০০০/-<br>গ) জীপ, পিকআপ,মটর সাইকেল মেরামত ব্যয় ১৬,৩৫০/- টাকা<br>ঘ) ট্রাক ও গার্বেজ ভ্যান মেরামত ব্যয় ২৫,২৫৮/- টাকা।<br>ঙ) রোলার মেরামত ব্যয় ২০,০০০/- টাকা।<br>চ) বিভিন্ন আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি মেরামত বাবদ ১৪,১৪০/-টাকা।<br>ছ) যন্ত্রপাতি ও কম্পিউটার মেরামত বাবদ ৩৮,৯৫০/-টাকা।<br>জ)বর্জ্য ব্যবস্তাপানা ভ্যান/ সাইকেল ও সাইট মেরামত ও রক্ষনাবেক্ষণ ৫,৪৯,৮১৪/- টাকা।<br>জ) অন্যান্য ব্যয় -২১,২৬৯/-টাকা | TLCC–র সদস্য প্রাক্তন অধ্যক্ষ জনাব ইস্রাফিল হক উন্নয়ন কাজের ধারাবাহিতা অব্যাহত রাখা সহ উন্মুক্ত ড্রেনের ঢাকনা দেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন।<br>সদস্য লিপি খাতুন পরিচ্ছন্ন কাজ গতিশীল করার আহবার জানানসেই সাথে দরিদ্র এলাকার উন্নয়নে প্রকল্প গ্রহনের আহবান জানান।<br>সদস্য গোলাম মোর্তজা তার এলাকার বেশ কিছু গুরুত্বপূর্ণ রাস্তার উন্নয়নের আহ্বান জানান।<br>সদস্য আজাদ মালিথা পৌরসভার উন্নয়ন কাজের গতি বৃদ্ধি সহ নতুন উন্নয়ন পরিকল্পনা গ্রহনের আহবান জানান।<br>নির্বাহী প্রকোশলী জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস বলেন পর্যায়ক্রমে পৌরসভার রাজস্ব তহবিল ও প্রকল্প তহবিল হতে সকল উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। বিস্তারিত আলোচনার পর উন্নয়ন | নির্বাহী প্রকৌশলী/ সচিব/হিসাব রক্ষণ কর্মকর্তা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | জুলাই-সেপ্টেঃ/১৬ কোয়ার্টারে অনেক প্রয়োজনীয় রাস্তা ও ড্রেন সংস্কার/মেরামত করা সম্ভব হয়নি।<br>পরবর্তীকোয়াটারে পৌরসভার রাজস্ব বাজেট হতে উক্ত কাজ বাস্তবায়ন করা হবে। | জনাব মোঃ আয়ুব আলী বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী বলেন, জরুরী ভিত্তিতে যে সকল কাজ করা প্রয়োজন সেগুলো মোবাইল মেইনটেনেন্স টিমের মাধ্যমে পরিদর্শন করে তাৎক্ষনিক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার হচ্ছে। | কার্যক্রম সঠিক বাস্তবায়ন এবং ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ৮. | ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ লিপি খাতুন ফার্ম পাড়া এলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া ও টিউবয়েল দেওয়ার দাবী করেন।<br>এছাড়াও TLCC-র আরেক সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছা ঃ আলেয়া খাতুন ০৯ নং ওয়ার্ডের গোরস্থান পাড়া এলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়ার দাবী করেন।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতান আরা রত্না জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হবে।<br>সভার সভাপতি মহেদয় জানান আগামীতে ড্রেনের উপর স্লাব দেওয়ার পদক্ষেপ নেওয়া হবে। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা সুলতানা আরা রত্না আলোচনায় অংশ নিয়ে বলেন চলতি ইং ২০১৬-২০১৭ সনে জেন্ডার এ্যাকশান প্ল্যান বাস্তবায়নের জন্য ১৬,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে।<br>তিনি আরো জানান বরাদ্দকৃত অর্থ হতে জানুঃ-মার্চ/১৭ ত্রৈমাসিকে ৪,২২,৫০০/-টাকা বরাদ্দের মধ্যে নিম্ন লিখিত খাতে মোট ৫৩,৮৪০/- টাকা ব্যয় হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরুপ-<br>● স্থায়ী কমিটির সভা বাবদ খরচ ৯০০/- টাকা<br>● দুস্থ মহিলাদের জন্য আর্থিক সাহায্য বাবদ খরচ ৩৭,৫০০/- টাকা<br>● আর্থ-কর্মসংস্থানের জন্য নারীদের সেলাই প্রশিক্ষন প্রদান বাবদ খরচ ১৫৪৪০/-টাকা | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ লিপি খাতুন দরিদ্র এলাকায় কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া ও টিউবয়েল দেওয়ার দাবী করেন।<br>সভাপতি মহোদয় জানান প্রকল্পের অনুমোদন এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অনুমোদিত সকল দরিদ্র এলাকাতে উন্নয়ন কার্যক্রম গ্রহন করা হবে।<br>বিস্তারিত আলোচনার পর দরিদ্র ও নারী জনগোষ্টির আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্প গ্রহনের জন্য প্রকল্প অফিসের সাথে যোগাযোগ করতে মেয়র মহোদয়কে অনুরোধ জানানো হয়। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি |
| ৯ | খ) **দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)** | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ লিপি খাতুন দুস্থ ও অসহায় গরীব মানুষের মাঝে রিংস্লাব প্রদান করায় মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভাকে ধন্যবাদ দেন। এবং ড্রেনের উপর স্লাব সহ রাস্তা উন্নয়নের দাবী জানান।<br>দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ গোলাম মস্তফা শেখ (মাস্তার) বলেন দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।<br>PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে।<br>বস্তির সমস্যা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের বিষয়ে | দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব কে এম আব্দুস সবুর খান বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়।<br>তিনি আরও বলেন পৌরসভা এলাকায় ২৭টি বস্তি চিহ্নিত করা হয়েছিল। চিহ্নিত বস্তি<br>সমূহের মধ্যে PMO হতে ০৫ টি বস্তি উন্নয়নের জন্য অনুমোদন দিয়েছিল। কিন্তু ইতি মধ্যে সুমিরদিয়া কলোনী পাড়া বস্তির জনগন বস্তি নামকরণের মাধ্যমে উন্নয়ন কাজে আপত্তি করায় অনুমোদিত তালিকা হতে উক্ত বস্তিকে বাদ দেওয়া হয়েছে। এমতাবস্থায় ০৪টি বস্তিতে বস্তি উন্নয়ন কার্য়ক্রম বাস্তবায়ন করা হবে।<br>অত:পর আলোচনাকালে বস্তি উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির মাধ্যমে স্বাস্থ্য সেবা, সেনিটেশন,বিশুদ্ধ পানি সরবরাহ, আর্থিক সাহায্য, | - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা ও সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>TLCC এর সম্মানিত সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ লিপি খাতুন বলেন আমাদের এলাকায় আরও কিছু রিং স্লাব প্রদান করা দরকার। মেয়র পরবর্তিতে প্রত্যেক ওয়ার্ডেই আরও কিছু রিং-স্লাব প্রদানের ব্যবস্থা করবেন বলে জানান।<br>দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ গোলাম মস্তফা শেখ(মাস্তার) বলেন হত দরিদ্র পরিবারের মাঝে বিনা মূল্যে স্বাস্থ্যসেবা প্রদান করা হবে। এবং গরীব ও দুস্থ ব্যক্তিদের মাঝে আর্থিক সাহায্য প্রদান করা হবে। যাতে করে তারা স্বাবলম্বী হতে পারে। | চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | সিদ্ধান্ত গৃহীত হয়। | ঢেউটিন বিতরন, বস্ত্র বিতরণ ফুটপাত ও ড্রেন নির্মান বাবদ ইং ২০১৬-২০১৭ সনে দুস্থ ও অসহায় গরীব মানুষের কিছুটা দুর্দশা লাঘবের জন্য ৩৯,৪৬৭৯৭/-টকার বাজেট বরাদ্দ আছে।<br>উক্ত খাতে চলতি ত্রৈ-মাসিক বাজেট বরাদ্দ ছিল ৮,৫৮,২০০/-টাকা। উক্ত টাকার মধ্যে জানুয়ারী -মার্চ-২০১৭ মাসে নিম্ন-লিখিত খাতসমূহে সর্ব মোট ৪,১৩,৬৫১/- টাকা ব্যয় করা করেছে।<br>• হত দারিদ্র মানুষদের স্বাস্থ্য সুবিধা দেয়ার জন্যে ঔষধ প্রদান বাবদ খরচ ১,০১,০১৬/- টাকা।<br>• হত দরিদ্রদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ব্যয় ৫৬,৫০০/- টাকা।<br>• আর্থিক অনুদান বাবদ ব্যয় ৬৮,০৫৫/- টাকা।<br>• বস্ত্র বিতরন বাবদ ১,০০,০০০/- টাকা।<br>• ড্রেন নির্মান বাবদ-৬৯,০০০/-<br>• ফুটপথ নির্মান বাবদ-১৯০৮০/- | PRAP বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে PMO তে প্রেরণ করা হবে।<br>বস্তির সমস্যা চিহ্নিত করে অগ্রাধিকার ভিত্তিতে সমাধানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১০. | গ) বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠন | প্রকল্প কর্তৃক ০৫ টি বস্তি অনুমোদন হওয়ায় সে সকল বস্তিতে জরিপ কাজ, প্রাথমিক দল গঠন এবং বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ করা হয়েছে। এবং PMO-র নির্দেশনা পাওয়া গেলে অনুমোদিত বসিবত সমুহে CAP গঠন করা হবে। আগামী ইং ০৭-০১-২০১৭ তারিখের মধ্যে PMO-তে রিপোর্ট প্রেরণ করা হবে। | PMO হতে ০৫ টি বস্তি উন্নয়নের জন্য অনুমোদন দিয়েছিল। কিন্তু ইতি মধ্যে সুমিরদিয়া কলোনী পাড়া বস্তির জনগন বস্তি নামকরণের মাধ্যমে উন্নয়ন কাজে আপত্তি করায় অনুমোদিত তালিকা হতে উক্ত বস্তিকে বাদ দেওয়া হয়েছে। প্রকল্প কর্তৃক অনুমোদিত ০৪ টি বস্তির SIC মনিটরিং রিপোর্ট PMO-র নির্দেশনা মোতাবেক প্রনয়নের কাজশেষ হয়েছে । | প্রকল্প পরবর্তী নির্দেশ পাওয়ার পর বস্তিতে CAP গঠন করে প্রকল্প অফিসেপ্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/বস্তি উন্নয়ন কর্মকর্তা |

**ক্ষেত্র নং - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১১. | ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | TLCC এর সদস্য জনাব মোঃ নাসির আহাদ জোয়ার্দার, বিশিষ্ট সমাজ সেবক বলেন কিভাবে ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর সকল সদস্যদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে কিনা জানতে চান।<br>সভাকে জানানো হয় বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী সংশ্লিষ্ট আদায়কারী ও টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং করে পৌর কর আদয়ের বিষয়ে আলোচনান্তে কর্ম-পরিকল্পনা অনুমোদিত হয়েছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ীন প্রতিটি আদায়কারী নিজ নিজ দায়িত্ব পালন করবেন। বকেয়া কর খেলাপীদের কর | ২০১৬-২০১৭ অর্থ বছরের পৌরকরের মোট দাবী ৪,০১,০৩,২৪৬/-এবং বেসরকারী পৌরকরের মোট দাবী দাবীর পরিমান ১,৭৫,০৬,২৪১/- টাকা।<br>সরকারী পৌরকরের মোট দাবী ২,২৫,৯৭,০০৫/-টাকা।<br>জানুয়ারী-মার্চ/১৭ মাসের ত্রৈমাসিকে সরকারী ও বেসরকারী মোট পৌরকর আদায়ের পরিমান -৩২,৫৬,৯১৪/- টাকা।<br>বিগত সভার সিদ্ধান্তমোতাবেক আদায় বৃদ্ধির লক্ষ্যে সমস্ত পৌর এলাকায় মাইকিং, ক্যাম্পেইন এবং অনাদায়ী হোল্ডিং এ তাগিদ সহ মহল্লায় মহল্লায় টিম প্রেরনের মাধ্যমে | TLCC এর সদস্য জনাব মোঃ নাসির আহাদ জোয়ার্দার, ১০০% পৌরকর আদায় করা যায় সে বিষয়ে TLCC এর সকল সদস্যদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আলোকপাত করেন। এবং পৌরকর আদায়ের কর্ম-পরিকল্পনা প্রস্তুত করার আহবান জানান।<br>সভাকে জানানো হয় বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে ইতোমধ্যে কর্মপরিকল্পনা তৈরী করা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্প করে এবং মাইকিং করে পৌর কর আদয় কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত হয়।<br>অত:পর সভার সভাপতি মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৬-২০১৭ অর্থ-বছরের | সচিব /ট্যাক্স শাখা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | পরিশোধ করার জন্য নোটিশ প্রদান করা হচ্ছে। অত:পর সভার সম্মানিত সভাপতি মেয়র মহোদয় কর শাখার সকল আদায়কারীকে আগামী ইং ২০১৬-২০১৭ অর্থ-বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন। এবং প্রতি মাসের শেষে মেয়র মহোদয়ের নিকট আদায়ের অগ্রগতির প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করা সহ TLCC এর সকল সদস্যকে পৌরকর আদায়ে সার্বিক সহযোগীতা কামনা করেন। এছাড়াও আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আদায় কার্যক্রম অব্যাহত আছে। | কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের লক্ষ্য মাত্রা অর্জনের জন্য নির্দেশ দেন এবং আগামী ত্রৈমাসিকে কর মেলার আয়োজনে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেন। এ বিষয়ে সকল সদস্যের সহযোগীতা কামনা করেন। এছাড়াও আদর্শ কর তফশীল ২০১৪ অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আয় বৃদ্ধির লক্ষে ভবনের নক্সা অনুমোদনের সময় প্রতি তলার জন্য নির্ধারিত হরেটোকেন ট্যাক্স আরোপের সিদ্ধান্ত হয়। | |
| ১২. | খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ হোল্ডিং ট্যাক্স ব্যাতীত | কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় অংশ নিয়ে TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার বলেন পৌরসভার সামগ্রীক ব্যয় দিন দিন বৃদ্ধি পাচ্ছে। অথচ পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা হয় না। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি কল্পে আগামীতে আমরা উক্ত রেল বাজার পৌরসভা কর্তৃক ইজারা দেওয়া দেখতে চায়। পৌরসভার দোকান ভাড়াসহ সকল আয় বাজার মূল্যের সাথ সামঞ্জস্য রেখে কি ভাবে বৃদ্ধি করা যায় সে বিষয়ে ইতিপূর্বের সিদ্ধান্ত কত টুকু বাস্তবায়ন হয়েছে জানতে চান। মেয়র মহোদয় জানান- আপনাদের পরামর্শ ও সার্বিক সহযোগিতার কারনে আমরা ইতোমধ্যে পৌর পশুহাট বসাতে সক্ষম হয়েছি। পশু হাটটি পৌরসভার রাজস্ব আদায়ে ভুমিকা রাখবে বলে আশা করছি। আর পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড পৌরসভা কর্তৃক ইজারা দেওয়ার বিষয়ে একন পর্যন্ত আইনি জটিলতার কারনে ইজারার ব্যবস্থা করতে নক্ষম হয়নি। তবে আমাদের চেষ্টা অব্যহত আছে। পৌরসভার রাজস্ব আদায়ের লক্ষে পৌর পশু হাট বসানোর জন্য অত্র সভা সন্তোষ প্রকাশ সহ পৌর কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। | জানাগেল ২০১৬-২০১৭ অর্থ বছরে কর বার্হিভুত দাবীর পরিমান ২,৯০,৫০,৩৩২/- টাকা। তন্মধ্যে চলতি কোয়ার্টার পর্যন্ত আদায় হয়েছে ১,৪৮,৬৯,৯৩৭/- টাকা। আদায়ের হার ৫১.১৮%। কর বাহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষে আলমডাঙ্গা সড়কের পাশ্বে পশু হাট স্থাপন করা হয়েছিল কিন্তু প্রশাসনিক জটিলতার কারনেসেটি চালু রাখা সম্ভব হয়নি। আর আইনি জটিলতার কারনে পৌরসভার রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড ইজারা দেওয়া সম্ভব হয়নি। তবে চেষ্টা অব্যহত আছে। | TLCC এর সদস্য জনাব নাসির আহাদ জোয়ার্দ্দার পৌরসভার বর্ধিত ব্যয় নির্বাহ করনে এবং উন্নয়ন অব্যাহত রাখতে রেল বাজার মাছের আড়ৎ, সাইকেল ষ্ট্যান্ড ইজারা প্রদানে আইনী জটিলতা অপসারনে দ্রুত পদক্ষেপ গ্রহনের আহবান জানান সেইসাথে অটো রিক্সার উপর ট্যাক্স আরোপ সহ অন্যান্য উৎস খোজার আহ্বান জানান। সভাপতি মহোদয় এ বিষয়ে পদক্ষেপ গ্রহনে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশদেন এবং আগামী সভায় তা উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | সচিব/ সাধারন শাখা/লাইসেন্স শাখা |
| ১৩. | গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ চলমান আছে। পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জানুঃ-মার্চ/২০১৭ ত্রৈমাসিকে ৮৮৬৮ টি ট্যাক্স বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট পৌছানো হয়। এর মধ্যে ৯৪৪ জন গ্রাহক পৌরকর পরিশোধ করেছে। পৌরকর আদায়ের পরিমান ৩২,৫৬,৯১৪/-টাকা। TLCC এর সম্মানিত সদস্যবৃন্দ | - কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা এবং কম্পিউটারে বিল প্রস্তুত করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরকরের ত্রৈমাসিক কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে | **ট্যাক্স কালেকটর** |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | প্রণয়ন | কম্পিউটারাইজড বিল প্রিন্টের ০৯ টি কপি ইং ০৭-০১-২০১৭ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরকর আদায়ের হার বৃদ্ধির জন্য সকলকে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। | গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>আদায় প্রতিবেদন প্রকল্প অফিসেপ্রেরনেরও সিদ্ধান্ত হয়। | |
| ১৪. | ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ | TLCC এর সম্মানিত সদস্য মোছাঃ সেলিনা বেগম অভিযোগ করেন- তার বাড়ীর আশে পাশে আরো ৩০ জন গ্রাহক পানির লাইন নিতে ইচ্ছুক কিন্তু পৌরসভা পানির লাইন দিতে পারছেনা। তিনি দ্রুততার সাথে তার এলাকায় পাইপ লাইন স্থাপন করার দাবী জানান।<br>পানি শাখার তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন প্রতিনিয়ত পানির ওয়াস-আউট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। তিনি TLCC এর সম্মানিত সদস্য মোছাঃ রাবেয়া খাতুন এর অভিযোগ ও দাবীর প্রেক্ষিতে জানান পানির পাইপ লাইন স্থাপনের অনুমোদন পেলে আপনার এলাকায় নতুন পাইপ লাইন স্থাপন করা হবে।<br>এছাড়াও তিনি সভাকে জানান ৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০৪ টি উৎপাদক নলকুপ চলমান পাইপ লাইনের সাথে আন্ত:সংযোগ গ্রহনের জন্য প্রাক্কলন অনুমোদিত হয়েছে যা অচিরেই দরপত্র আহব্বান করা হবে।<br>পানি তত্বাবধায়ক আরো জানান যে, UGIIP-III প্রকল্পের আওতায় ০১ টি ওভারহেড পানির ট্যাংক, ৭০০০ হাজার পানির মিটার, ০১ টি উৎপাদক নরকুপ এবং শহরের প্রদান সড়কের মাঝখানে স্থাপিত পানি সরবরাহ পাইপ লাইন অপসারন করে রাস্তার শেষ সীমানা দিয়ে স্থাপনের জন্য অত্র দপ্তর কতৃক প্রস্ততকৃত প্রাকলন Consultant অফিস ঢাকা যাচাই বাচাই শেষে DPH বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করিয়াছে।<br>পানির সমস্ত বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ বকেয়া গ্রাহকের বাসার সামনে লাল পোষ্টার লাগানোসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০১৬-২০১৭ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান ১,৪৯,৯৯,৬৩০/-টাকা।<br>জানুয়ারী-মার্চ/১৭ মাসের ত্রৈমাসিক সর্বমোট আদায়ের পরিমান ৩৪,০২,৫৪১/-টাকা।<br>পানি শাখার তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ জানান পানির লাইন সম্প্রসারন, মিটার স্থাপন,পাম্প স্থাপন এবং ওভারহেড ট্যাঙ্ক স্থাপনের জন্য ইফজিআইআইপি-৩ প্রকল্পে প্রকল্প দাখিল করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর কাজ বাস্তবায়ন করা হবে তখন পানি সরবরাহ ব্যাবস্থার সকল সমস্যা লাঘব হবে। বকেয়া পানির বিল আদায়ের জন্য সার্বিক প্রচেষ্টা অব্যাহত আছে। | TLCC এর সম্মানিত সদস্য জাহাঙ্গির আলম মালিক পৌর সভার সরবরাহকৃত পানির লাইন নিয়মিত ওয়াশ করা ও জিবানু নাষক মিশ্রনের অনুরোধ জানান।<br>পানি তত্বাবধায়ক জনাব এএইচএম সাহীদুর রশীদ বলেন প্রতিনিয়ত পানির ওয়াস-আউট নিয়মিত পরিষ্কার করা হচ্ছে। তিনি আরও জানান পানিশোধনাগার নির্মান কাজশেষ হলে সকল গ্রাহক সরবরাহকৃত পানি সরাসরি পান করতে পারবেন। তিনি সভাকে জানান UGIIP-III প্রকল্প অনুমোদন পাওয়ার পর পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়র হবে।<br>আরি সি আইসিটি মোঃ আক্তারুজ্জামান অন্যান্য পৌর সভার সাথে সামঞ্জস্য রেখে পানির বিল বৃদ্ধির অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা পর নিয়মিত পানির লাইন পরিস্কার কাজ অব্যহত রাখার সিদ্ধান্ত হয় এবং আগামী জুলাই /১৭ থেকে পানির বিল বৃদ্ধির বিষয় পরিষদে উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | ওয়াটার সুপার |

## ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ১৫. | ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভা বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | আগামী ৩০ মার্চ/২০১৭ কেয়ার্টারে UGIIP-III প্রকল্পের শর্তানুসারে O&M, GAP, PRAP, বিদ্যুৎ ও টেলিফোন বিল, TLCC, WC, সহ বিভিন্ন খাতে বাজেটে বরাদ্দ অনুযায়ী ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০১৬-১৭অর্থ বছরের বাজেট প্রণয়ন করে ইং ২৯-০৫-২০১৬ বিশেষ TLCC এর সভা ও পৌর পরিষদের বিশেষ সভায় অনুমোদন করা হয়েছে। UGIIP-III প্রকল্পের শর্তানুসারে ইং ২০১৬-২০১৭ অর্থ বছরে বিভিন্ন খাতে বাজেট বরাদ্দের পরিমাণ যেমন-<br>O&M খাতে বরাদ্দ ৩৫,৯৫,০০০/- ব্যায় ১৬,৪২,৪৫৯/-<br>GAP খাতে বরাদ্দ ১৬,০০,০০/- ব্যায় ১,৮৪,১০৫/-টাকা<br>PRAP খাতে বরাদ্দ ৩৯,৪৬,৭৯৭/- ১১,০১,২৮৮/- | আগামী ৩১ মে তারিখের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং বাজেটে UGIIP-III প্রকল্পের শর্ত প্রতিপালনের সিদ্ধান্ত হয়। | মেয়র/সচিব/হিসাব রক্ষন কর্মকর্তা |
| ১৬. | খ) অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী আগামী অর্থবছর অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে বছরের আর্থিক বিবরনী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পূর্ণ করে প্রতিবেদন সেপ্টেম্বর/১৭ মাসের মধ্যে মেয়রের নিকট উপস্থাপন করা হবে। | বিগত ২০১৫-১৬ অর্থ বছর শেষ হওয়ার পর ১ম মাসে আর্থিক বিবরণী প্রস্তুত সহ বছরের আর্থিক বিবরনী তৈরীসহ 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক ০৬-০৯-২০১৬ হতে ১৮-০৯-২০১৬ তারিখের মধ্যে অডিট সম্পূর্ণ করে অডিট প্রতিবেদন মেয়রের নিকট উপস্থাপন পূর্বক টিএলসিসিতে অনুমোদিত এবং পৌরপরিষদে অনুমোদন নেওয়া হয়েছে। | প্রকল্পের নির্দেশনা অনুযায়ী আগামী অর্থবছর অর্থাৎ ২০১৬-১৭ অর্থ বছর শেষ হওয়ার পর আর্থিক বিবরণী প্রস্তুত সহ ০৩ মাসের মধ্যে 'অডিট এ্যান্ড একাউন্টস' স্থায়ী কমিটি কর্তৃক অডিট সম্পূর্ণ করে প্রতিবেদন সেপ্টেম্বর/১৭ মাসের মধ্যে মেয়রের নিকট উপস্থাপন করা হবে। | সভাপতি, অডিট এ্যান্ড একাউনটস বিষয়ক স্থায়ী কমিটি ও হিসাব শাখা |
| ১৭. | গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জানুয়ারী-মার্চ ২০১৭, ইং মাসের কম্পিউটারাইজড হিসাব প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।<br>জানুয়ারী-মার্চ ২০১৭, মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয়েছে এবং ইং ০৫-০৪-২০১৭ তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে। | প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে এ হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | **হিসাব শাখা** |
| ১৮. | ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জানুয়ারী-মার্চ ২০১৭ মাস পর্যন্ত সর্বমোট বিদ্যুৎ বিল পাওয়া গেছে ১৪,৭৩,৩৩০/-টাকা এবং পরিশোধ করা হয়েছে ১৪,৭৩,৩৩০/-টাকা। পরিশোধের হার ১০০%।<br>জানুয়ারী-মার্চ ২০১৭ মাস পর্যন্ত সর্বমোট টেলিফোন বিল পাওয়া গেছে ২,১৯২/-টাকা এবং সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়েছে। কোন বকেয়া বিল নাই। পরিশোধের হার ১০০%। এ ধারা অব্যহত থাকবে। | প্রতিমাসে বিদ্যুৎ বিল প্রাপ্তি নিশ্চিত করে উক্ত বিল নিয়মিত পরিশোধ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব ও নির্বাহী প্রকৌশলী |
| ১৯. | ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা চলমান আছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। | স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মেয়র/সচিব /নির্বাহ প্রকৌশলীনগর পরিকল্পনাবিদ/প্রশাসনিক কর্মকর্তা |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২০. | চ) সকল সরকারি ঋণ পরিশোধ করা | -২য় পর্যায়ে **BMDF** নিকট থেকে যে ঋণ গ্রহণ করা হয়েছিল তার কিস্তি অক্টোবর-ডিসেম্বর-২০১৬ পর্যন্ত পরিশোধ। আগামী জানুয়ারী-মার্চ-২০১৭ কোয়ার্টার পর্যন্ত যে কিস্তি পাওনা হবে তা পরিশোধ করা হবে। | **BMDF** সংস্থা থেকে ঋণের কিস্তি জানুয়ারী-মার্চ ২০১৭ পর্যন্ত ১টি কিস্তি বাবদ **(১৬ তম)** বাবদ ২,১৩,৩১৯/-বকেয়া রয়েছে। | **BMDF** এর বকেয়া সহ পাওনা কিস্তি জুন/১৭ এর মধ্যে পরিশোধ করা হবে। | মেয়র, সচিব ও হিসাব রক্ষণ কর্মকর্তা |

## ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২১. | ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | আগামী জানুয়ারী-মার্চ/২০১৭ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌরসভা আইন,২০০৯ এর ৫৫ ধারা অনুযায়ী পৌরসভায় ১৩টি স্থায়ী কমিটি আছে। কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। উক্ত স্থায়ী কমিটি সমুহের জানুয়ারী-মার্চ/২০১৭ মাসের সকল মাসিক সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। সভা সমূহের কার্যবিবরনী তৈরী করে PMOঅফিসে প্রেরণ করা হয়। | আগামী জানুয়ারী-মার্চ/২০১৭ ইং কোয়ার্টারের সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র ও সচিব/সহকারী প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা |
| ২২. | খ) সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক ও মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | চলতি কোয়াটারে পৌরসভা পর্যায়ে বা প্রকল্পের আওতায় কোন প্রশিক্ষনের আয়োজন করা হয়নি। আগামী কোয়াটারে সকলের জন্য প্রশিক্ষনের ব্যাবস্থা করা হবে। | নির্বাচিত প্রতিনিধি এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও বিভিন্ন কমিটির সদস্যদের কে আগামীতে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালক ও মেয়র মহোদয়কে অনুরোধ করা হয়। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |
| ২৩. | গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IIT ব্যবহার | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন একটি চলমান প্রক্রিয়া। পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করার কাজ চলমান রাখা হয়েছে। আগামী ০৭-০১-২০১৭ তারিখের মধ্যে পৌরসভার ওয়েবসাইট হালনাগাদ করা হবে। | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন করা ও বিতরন করা চলমান আছে। বর্তমানে এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চুয়াডাঙ্গা পৌরসভার ওয়েবসাইট খোলা হয়েছে যাহার ঠিকানা নিম্নরুপ যেমন- www.chuadanga.org.com বর্ণিত ওয়েব সাইটেপৌরসভার সকল তথ্য সন্নিবেশিত আছে। | অনলাইনে জন্ম-মৃত্যু সনদ সংরক্ষন ও বিতরন অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। পৌরসভার ওয়েবসাইট প্রতি নিয়ত হালনাগাদ করার সিদ্ধান্ত হয়। | মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা |

## ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| ২৪. | ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | আলোচনার প্রেক্ষিতে সভাকে অবগত করা হয় যে, প্রতিনিয়ত সকালে সকল ডাষ্ট-বিন পরিষ্কার করা হয় কিন্তু কিছু লোক সকাল ১০ ঘটিকার পর ডাষ্ট-বিনে ময়লা আবর্জনা ফেলে সে কারনে অনেক সময় দূর্গন্ধের সৃষ্টি হয়। জনগন একটু সচেতন হলে এ | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল | আলোচনা কালে দরিদ্র শ্রেনীর প্রতিনিধী লিপি খাতুন এবং সদস্য নাসির আহাদ জোয়ার্দার শহরের পরিচ্ছন্ন কার্যক্রম আরও জোরদার করার অনুরোধ জানান। সভাপিত আগামীতে পরিচ্ছন্ন কর্মীর সংখ্যা বৃদ্ধির আশ্বাস দেন। বিস্তারিত আলোচনার পর | মেয়র /সচিব/নির্বাহী প্রকৌশলী/কনজার |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | সমস্যা থাকে না। এ বিষয়ে পৌরসভা আপনাদের সহযোগীতা কামনা করছে। ভবিষ্যতে এবিষয়ে সতর্ক দৃষ্টি রাখা হবে। বর্জ্য অপসারন কাজে নিয়োজিত কন্জারভেন্সী পরিদর্শককে আরও দায়িত্বশীল হওয়ার নির্দেশনা দেওয়া হয়।<br>বর্জ্য আবর্জনা ফেলার জায়গা অধিগ্রহনের কার্যক্রম ত্বরান্বিত করতে মাননীয় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গাকে সভায় বিশেস ভাবে অনুরোধ করা হয়।<br>অত:পর TLCC অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | কার্যক্রম পরিচালিত হচ্ছে।<br>নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ৩৮,৭০,০০০/- টাকা বাজেট বরাদ্দ ছিল। তন্মধ্যে জানুয়ারী-মার্চ -২০১৭ মাসে ব্যয় হয়েছে ৫,৪৯,৮১৪/- টাকা।<br>বর্জ্য ফেলার জমি অধিগ্রহনের জন্য জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে কার্যক্রম অব্যহত আছে। | পরিস্কার - পরিচ্ছন্ন কাজে সংশ্লিষ্ট শাখাকে আন্তরিকতারসাথে কাজ করা এবং জনগনকে সচেতন করার সিদ্ধান্ত হয়। সেই সাথে বর্জ্য অপসারন কাজে নিয়োজিত কন্জারভেন্সী পরিদর্শককে আরো দায়িত্বশীল হওয়ার নির্দেশনা দেওয়া হয়।<br>বর্জ্য আবর্জনা ফেলার জায়গা অধিগ্রহনের কার্যক্রম ত্বরান্বিত করতে মাননীয় জেলা প্রশাসক, চুয়াডাঙ্গাকে সভায় বিশেস ভাবে অনুরোধ করা হয়। | ভেন্সী পরিদর্শক |
| ২৫. | খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | TLCC-র অন্যতম সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ লিপি খাতুন ফার্ম পাড়া এলাকার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়া ও টিউবয়েল দেওয়ার দাবী করেন।<br>এছাড়াও TLCC-র আরেক সদস্য দরিদ্র শ্রেণীর প্রতিনিধি মোছাঃ সেলিনা বেগম ০৭ নং ওয়ার্ডের বিভিন্ন পাড়ার কিছু ড্রেনের উপর স্লাব দেওয়ার জররী পদক্ষেপ নেওয়ার দাবী জানান।<br>TLCC-র আরেক সদস্য মোঃ গোলাম মস্তফা শেখ বলেন আমার ০৫ নং ওয়ার্ডের নির্মিত ড্রেনের উপর স্লাব দেওয়ার জররী পদক্ষেপ নেওয়ার দাবী জানান। কারণ যে কোনসময় দূর্ঘটনা ঘটতে পারে।<br>সভায় অন্যান্য সদস্যরা বলেন পৌর এলাকার মধ্যে ড্রেনের সংখ্যা বা আয়তন বেড়েছে। সে তুলনায় ড্রেন পরিষ্কার করার জন্য যে পরিমান লোকবল প্রয়োজন সে তুলনায় লোকবল কম। তবে ড্রেন প্রতিনিয়ত পরিষ্কার করায় মেয়র মহোদয়কে ধন্যবাদ জানিয়ে লোকবল বৃদ্ধির জন্য মাননীয় মেয়র-কে অনুরোধ করেন।<br>এর পর নির্বাহী প্রকৌশলী সাহেব জানান আপনাদের সহযোগীতায় ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরো বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কাজে অর্থ ব্যয় করা হবে।<br>অত:পর TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষনের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ১৯,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ ছিল। জানুয়ারী- মার্চ-২০১৭ মাসে ব্যয় হয়েছে ৬,০৩,৫৮৮/-টাকা। | TLCC-র অন্যতম সদস্য অধ্যাপক সিদ্দিকুর রহমান পৌর এলাকার বিভিন্ন খোলা ড্রেনের স্লাব নির্মানের অনুরোধ জানান।<br>TLCC সদস্য কাউন্সিলর আবুল হোসেন সাতগাড়ীর ভাঙ্গা ড্রেন মেরামতের অনুরোধ জানান।<br>TLCC-র আরেক সদস্য মোঃ গোলাম মস্তফা শেখ বলেন আমার ০৫ নং ওয়ার্ডের নির্মিত ড্রেনের উপর স্লাব দেওয়ার জরুরী পদক্ষেপ নেওয়ার দাবী জানান। কারণ যে কোনসময় দূর্ঘটনা ঘটতে পারে।<br>এর পর নির্বাহী প্রকৌশলী সাহেব জানান আপনাদের সহযোগীতায় ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। তিনি আরও বলেন বাজেট বরাদ্দ অনুযায়ী ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কাজে অর্থ ব্যয় করা হবে। | মেয়র/নির্বাহী প্রকৌশলী/কন্জার ভেন্সী পরিদর্শক |
| ২৬. | গ) সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা | বর্তমানে পৌরসভায় ৯০% বিদ্যুৎ কার্যকর করা হলেও মাঝে মধ্যে বৃষ্টি ও বজ্রপাতে কিছু এলাকার সড়ক বাতি নষ্ট হয়। উক্ত এলাকার সড়ক বাতি পর্যায়ক্রমে কর্ম পরিকল্পনা অনুযায়ী কার্যকর করা হবে। বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা কাজে | চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদি/মালামাল ক্রয় এবং ১০০% সড়ক বাতি সচল আছে। | সড়ক বাতিমেরামত ও সচল রাখার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়।<br>পৌর এলাকার যে, সমস্ত মহল্লাতে সড়ক বাতি নাই সে সমস্ত মহল্লাতে সড়ক বাতি স্থাপনের প্রকল্প হতে নেওয়ার সিদদ্ধান্ত হয়। | মেয়র / নির্বাহী প্রকৌশলী/SAE(বিদ্যুৎ) |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | পূর্ববর্তী TLCC সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|
| | | পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং আরো নতুন নতুন এলাকায় সড়ক বাতির ব্যবস্থা করার অনুরোধ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।<br>আলোচনায় অংশ নিয়ে মেয়র মহোদয় জানান পৌরসভার ০৭ নং ওয়ার্ডের কিছু কিছু এলাকায় UGIIP-III প্রকল্পের মাধ্যমে রোড অচিরেই লাইট স্থাপন করা হবে। এ ভাবেই পর্যায়ক্রমে রোড লাইট স্থাপন করা হবে। | পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০১৬-১৭ অর্থ বছরে ৩৩,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছিল। জানুয়ারী– মার্চ -২০১৭ মাসে ব্যয় হয়েছে ২,৪৬,৫৬২/- টাকা। প্রকল্পের আর্থিক সহায়তায় ৩.০০ কিঃমিঃ বিদ্যুঃ লাইন সম্প্রসারনের কাজ চলমান আছে। | | |
| ২৭. | ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারী করণ | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং পৌরসভার ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে।<br>অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০১৬-১৭ অর্থ বছরে ২৫,৪০,০০০/- টাকা বরাদ্দ আছে এবং জানুয়ারী-মার্চ-২০১৭ কোয়াটারে ব্যয় হয়েছে ২,৮১,৯৩০/- | অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত কার্যাদি Mobile Maintenance Team এর মাধ্যমে বাজেট বরাদ্দের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী |
| ২৮. | ঙ) স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা | স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল শৌচাগার, কমিউনিটি ভিত্তিক পাবলিক টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এজন্য আগামী ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা পৌরসভার প্রতি সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন। | পৌরসভা কর্তৃক স্যানিটেশন বিষয়ক যাবতীয় কার্যক্রম অব্যাহত আছে। এজন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত আছে।<br>পৌরসভা কর্তৃক স্যানিটেশন ব্যবস্থাপনা অব্যাহত রাখার নিমিত্তে ২০১৬-১৭ অর্থ বছরে ৪,৩০,০০০/- টাকা বাজেট রাখা হয়েছে এবং জানুঃ-মার্চ-২০১৭ কোয়াটারে খরচ হয়েছে ৯৪,৪৫৬/- টাকা। | স্যানিটেশন কার্যক্রমের অংশ হিসেবে পৌরসভাধীন সকল গন শৌচাগার, কমিউনিটি টয়লেটসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা হচ্ছে। এজন্য আগামী ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>TLCC অধিকাংশ সদস্য বর্তমানে স্যানিটেশন কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী |

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্তসুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | পৌর এলাকার সকল ড্রেনের উপর স্লাব ও বর্জ্য অপসারণ সম্পর্কিত আলোচনা। | (ক) আলোচনায় অংশ নিয়ে TLCC-র অন্যতম সদস্য জনাব, মোঃ একরামূল হক মুক্তা বলেন, পৌর এলাকার কিছু সংখ্যক ড্রেনের উপর আপাতত স্লাব দেওয়া দরকার। যাতে করে সহজেই কেউ ড্রেনের মধ্যে ময়লা আবর্জনা ফেলতে না পারে। এবং ময়লা আবর্জনা পরিষ্কারের জন্য কিছু সংখ্যক লেবার বৃদ্ধির প্রস্তাব করেন।<br>(খ) TLCC-র অন্যতম গুরুত্বপূর্ন সদস্য জনাব মোঃ আজাদ মালিথা বলেন-পৌরসভার উন্নয়ন বজায় রাখার জন্য পৌর পরিষদ ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদেরকে আরও অধিক গতিশীল হতে হবে। এবিষয়ে মেয়রের দৃষ্টি আকর্ষন করেন। | TLCC-র অন্যতম সদস্য জনাব মোঃ একরামূল হক মুক্তা এবং জনাব মোঃ আজাদ মালিথার প্রস্তাবনাকে সভায় সাদরে গ্রহন করে এ বিষয়ে জরুরী পদক্ষেপ নেওয়ার জন্য মেয়র চুয়াডাঙ্গা পৌরসভাকে সর্বসম্মতি ক্রমে অনুরোধ করেন।<br>প্রস্তবনার আলোকে সভাকে জানানো হয় আগামীতে পৌর পরিষদের মাসিক সভায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হবে। | পৌর পরিষদ/নির্বাহী প্রকৌশলী |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।

**স্মারক** নং- চুয়া/পৌঃ/TLCC/২০১৭/৪৭৭(৫০) তারিখঃ ০৬-০৪-২০১৭ ইং

**অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ-**

০১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, (UGIIP-II), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, ঢাকা-১২০৭।
০২। জনাব/জনাবা.......................................................................................................................................................................সদস্য, TLCC, চুয়াডাঙ্গা পৌরসভা।
০৩। ........................................................................................................................................................................................................... চুয়াডাঙ্গা পৌরসভা।

(মো ঃ ওবায়দুর রহমান চৌধুরী)
মেয়র
চুয়াডাঙ্গা পৌরসভা।